

সভার কার্যবিবরণী

স্থানঃ কামারখালী U.P.C ভবন। তারিখঃ ২৭/০৪/২০২৩ ইং, সময়ঃ সকাল ১০.০০ ঘটিকা।

সভাপতিঃ জনাব মোঃ রাকিব হোসেন চৌধুরী, ইউপি চেয়ারম্যান।

উপস্থিত সদস্যবৃন্দের নাম

- | | |
|---------------------------|----------------------------------|
| ০১. জনাব মমতাজ বেগম | ০৭. জনাব মোঃ আছাদুজ্জামান মুন্সী |
| ০২. জনাব জোহরা বেগম | ০৮. জনাব মোঃ মতিয়ার রহমান |
| ০৩. জনাব আসমা বেগম | ০৯. জনাব মোঃ আশরাফ মোল্যা |
| ০৪. জনাব মোঃ জসীম শেখ | ১০. জনাব মোঃ আবুল কালাম আজাদ |
| ০৫. জনাব মোঃ আলমগীর হোসেন | ১১. জনাব মোঃ সাজেদুল ইসলাম দুলা |
| ০৬. জনাব মোঃ ছরোয়ার ফকির | ১২. জনাব মোঃ নুরুল ইসলাম মোল্যা |

অদ্য জনাব মোঃ রাকিব হোসেন চৌধুরী, ইউপি চেয়ারম্যান সাহেবের সভাপতিত্বে এপ্রিল/২৩ মাসের সভার কার্য শুরু করা হইল।

আলোচ্য সূচি-১:

গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করিয়া শুনানো হইলো এবং কোনো আপত্তি এবং সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন হইলো।

আলোচ্য সূচি-২:

সভাপতি জনাব মোঃ রাকিব হোসেন চৌধুরী সভাকে জানান যে, সোনালী ব্যাংক লিঃ, মধুখালী উপজেলা কমপ্লেক্স শাখা, মধুখালী, ফরিদপুর-এ ২টি চলতি হিসাব (১) হিসাবের নাম: চেয়ারম্যান কামারখালী ইউপি (১%) শিরোনামে যৌথ চলতি হিসাব নং-৩৩০০১৮১৪ (২) চেয়ারম্যান কামারখালী ইউপি (হাট-বাজার) শিরোনামে যৌথ চলতি হিসাব নং-২০২৪৮৩৩০০১৬৯৮ খোলা আছে। সভাপতি মহোদয় আরও জানান যে, সোনালী ব্যাংক লিঃ, কামারখালী শাখা, কামারখালী, মধুখালী, ফরিদপুর এ- ১টি চলতি হিসাব (৩) হিসাবের শিরোনাম: চেয়ারম্যান কামারখালী ইউপি (কামারখালী ইউনিয়ন জন্ম ও মৃত্যু নিবন্ধন হিসাব) শিরোনামে যৌথ চলতি হিসাব নং- ৩৩০০১৪৮২ খোলা আছে। উক্ত হিসাবগুলো ইউপি চেয়ারম্যান ও ইউপি সচিব এর দ্বারা যৌথ স্বাক্ষরে পরিচালিত হয়। ১নং কামারখালী ইউনিয়ন পরিষদ নির্বাচন-২০২২ অনুষ্ঠিত হয়। উক্ত নির্বাচনে জনাব মোঃ রাকিব হোসেন চৌধুরী-এর কাছে ইউপি চেয়ারম্যান জনাব মোঃ জাহিদুর রহমান বিশ্বাস পরাজিত হন। নির্বাচনে জয়লাভ করার কারণে ইউপি চেয়ারম্যান জনাব মোঃ রাকিব হোসেন চৌধুরী-এর নাম ব্যাংক লেনদেন করার সিদ্ধান্ত গৃহীত হয়। ইউপি সচিব জনাব মোঃ ইকবাল হোসেন এর বদলী জনিত কারণে নতুন যোগদানকৃত ইউপি সচিব জনাব আফিয়া আক্তার এর নাম ইউপি চেয়ারম্যান জনাব মোঃ রাকিব হোসেন চৌধুরী ও ইউপি সচিব জনাব আফিয়া আক্তার এর যৌথ স্বাক্ষরে হিসাবটি পরিচালিত হওয়ার সিদ্ধান্ত গৃহীত হইলো।

আলোচ্য সূচি-৩:

ইউপি সদস্য জনাব মোঃ নূরুল ইসলাম মোল্যা সভায় প্রস্তাব করেন যে, বর্তমান বর্ষার মৌসুমে ইউনিয়নে বিভিন্ন কাঁচা রাস্তা ঘন বৃষ্টির কারণে কর্দমাক্ত হইয়া গিয়াছে। ফলে জনসাধারণ ও যানবাহনের চলাচল অযোগ্য হইয়া পরেছে। জরুরী ভিত্তিতে রাস্তায় ধুলাবালি দেওয়া প্রয়োজন। তখন সভায় বিস্তারিত আলোচনান্তে ইউনিয়ন পরিষদের যে কোন তহবিল হইতে কাঁদায়ুক্ত রাস্তায় ধুলাবালি দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হইল।

আলোচ্য সূচি-৪:

চলতি মাসের আয় ও খরচের বিবরণী সভায় উপস্থাপন করা হইল। ভাউচার পরীক্ষান্তে সঠিক পাওয়া গেল এবং সর্বসম্মতিক্রমে অনুমোদন হইল।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকল সদস্য কে ধন্যবাদ জানিয়ে সভার কার্য শেষ করেন।

সভাপতি

তারিখ: ২৭/০৪/২০২৩ খ্রি:



(মোঃ রাকিব হোসেন চৌধুরী)

চেয়ারম্যান

১ নং কামারখালী ইউনিয়ন পরিষদ

মধুখালী, ফরিদপুর।

মোবাইল: ০১৭১২-৮৭৭১২৩।